গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০৩.৯৯.১৫৭.১৪- ৩০২৫ তারিখ: ২৪/১১/১৪৩১ব: 07/03/2025খ্রি:

বিষয় : ইট ভাটার মোবাইল কোর্টে জ্বালানি ব্যয় ও অপারেশনাল এলাকা অরক্ষিত থাকা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বিনয়ের সাথে জানানো যাচ্ছে যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স একটি জরুরি সেবাধর্মী প্রতিষ্ঠান। এ সংস্থার লোকবল সরঞ্জামাদিসহ জীবন ও সম্পদের ক্ষয়-ক্ষতি হ্রাসে সর্বদা নিয়োজিত থাকে। এ অধিদপ্তর অগ্নি নির্বাপণ ও প্রতিরোধ আইন-২০০৩ এর ধারা ২(খ) "অপারেশনাল কর্মকাণ্ড" অর্থ অগ্নি প্রতিরোধ, অগ্নি নির্বাপণ, অগ্নি হইতে উদ্ধার কার্য, এ্যাম্বুলেন্স সার্ভিস পরিচালনা, অগ্নি নির্বাপণী সাজ-সরঞ্জাম মেরামত ও রক্ষণাবেক্ষণ, তদন্ত, পরিদর্শন, তদারকি, মিডিয়ার মাধ্যমে যোগাযোগ ইত্যাদি কার্যক্রম পরিচালনা করে থাকে। কিন্তু পরিবেশ আইনে পরিচালিত মোবাইল কোর্টে এ অধিদপ্তরের অগ্নি নির্বাপন ও উদ্ধারকারী গাড়ি-পাম্প এবং সরঞ্জামাদি লোকবলসহ ইট ভাটায় পানি দেয়ার জন্য নিয়োজিত করা হয়। মোবাইল কোর্টে ইট ভাটায় পানি দেয়ার কার্যক্রম বর্ণিত ধারার অন্তর্ভূক্ত নয়। স্বাভাবিক সময়ে এ ধরনের মোবাইল কোর্টে ইট ভাটায় পানি দেয়ার জন্য জরুরি গাড়ি-পাম্প স্থানীয় প্রশাসন কর্তৃক নিয়োজিত করার ফলে জরুরি সেবা নিশ্চিতের ক্ষেত্রে নিয়োক্ত সমস্যাগুলোর উৎপত্তি হচ্ছে:

১. ইট ভাটায় নিয়োজিত থাকাকালীন সংশ্লিষ্ট স্টেশনে অনেক ক্ষেত্রে বিকল্প অগ্নিনির্বাপন ও উদ্ধারকারী গাড়ি না থাকায় অপারেশনাল এলাকাটি অরক্ষিত হয়ে যায়।
২. জরুরি অপারেশন কার্যক্রমের জন্য বরাদ্দ প্রাপ্ত জ্বালানি ঘাটতি সৃষ্টি হচ্ছে। ২০২৩-২০২৪ অর্থ বৎসরে ১৮১টি মোবাইল কোর্টে ইট ভাটায় পানি ব্যবহারজনিত কারণে এ অধিদপ্তরে সার্বিকভাবে জ্বালানী উল্লেখযোগ্য হারে খরচ হচ্ছে। ফলে বিভিন্ন বিভাগ ও স্টেশনসমূহে বরাদ্দকৃত জ্বালানীর তৈল খাতে ব্যয় বৃদ্ধি পাচ্ছে এবং প্রশাসনিক জটিলতার সৃষ্টি হচ্ছে।

ইহা মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

07/03/2025

লেঃ কর্নেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী
এসজিপি, পিএসসি
পরিচালক (অপাঃ ও মেইনঃ)
পক্ষে মহাপরিচালক

সিনিয়র সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব (অগ্নি অধিশাখা), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। -

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। পরিচালক (প্রশাঃ ও অর্থ)/(পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স.........................বিভাগ (সকল)।
৩। সহকারী পরিচালক (ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স.........................জেলা (সকল)।
৫। সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬। উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স.........................জেলা/এলাকা (সকল)।

CS CamScanner